# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৬৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাকবীর বলার মাধ্যমে মুয়াযি্যনের জন্য স্বভাবজাত বৈশিষ্ট সাব্যস্তকরণ এবং আল্লাহর একত্ববাদের সাক্ষ্য দেওয়ার জন্য জাহান্নাম থেকে বের হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ إِثْبَاتِ الْفِطْرَةِ لِلْمُؤَذِّنِ بِتَكْبِيرَةٍ وَخُرُوجِهِ مِنَ النَّارِ بِشَهَادَتِهِ لِلَّهِ بِالْوَحْدَانِيَّةِ

আরবী

1663 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا حُسَيْنُ بْنُ معاذ بن خليف حدثنا عَبْدِ الْأَعْلَى حَدَّثَنَا حُمَيْدٌ الطَّوِيلُ عَنْ قَتَادَةَ: عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: سَمِعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا وَهُوَ فِي مَسِيرٍ لَهُ يَقُولُ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ فَقَالَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (عَلَى الْفِطْرَةِ) ثُمَّ قَالَ: أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (حَرُمَ عَلَى النَّارِ) فَابْتَدَرْنَاهُ فَإِذَا هُوَ صَاحِبُ مَاشِيَةٍ أَدْرَكَتْهُ الصَّلَاةُ فنادى بها.

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1663 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2368)

বাংলা

১৬৬৩. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার সফর অবস্থায় এক ব্যক্তিকে বলতে শুনলেন, সে বলছে, اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ ( আল্লাহ সবচেয়ে বড়), তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “সে ফিতরাত (স্বভাবজাত বৈশিষ্ট্য তথা ইসলাম) এর উপর রয়েছে। তারপর সে ব্যক্তি বললো, أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই), তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তার জন্য জাহান্নাম হারাম হয়ে গেলো!”

রাবী বলেন, “তারপর আমরা দ্রুত তার দিকে অগ্রসর হলাম এবং দেখলাম যে, সে একজন গবাদী পশুর রাখার। সালাতের ওয়াক্ত হয়ে যাওয়ায় সে সালাত আদায় করার জন্য আযান দিয়েছে।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩৯৯; মুসনাদ আহমাদ: ৩/১৩২; সহীহ মুসলিম: ৩৮২; তিরমিযী: ১৬১৮; মুসনাদ আবূ আওয়ানা: ১/৩৩৬; সুনান বাইহাকী: ১/৪০৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন